

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
[hsp.sedp@gmail.com](mailto:hsp.sedp@gmail.com)



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/১৪৩

তারিখ: ২১.১০.২০২০ খ্রিঃ

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির তালিকাভুক্ত শিক্ষার্থীর একাউন্ট খোলা এবং **HSP MIS এ তথ্য অন্তর্ভুক্তি (এন্ট্রি) প্রসঙ্গে।**

সূত্র-

১। এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩০২/১(৫১৭) তারিখ: ০৬.১০.২০২০ খ্রিঃ

২। এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩১২/৫১৭ তারিখ: ১২.১০.২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা এবং শিক্ষার্থীর তথ্য HSP MIS এ অন্তর্ভুক্তির বিষয়ে নিম্নরূপ সংশোধন করা হলো:

গত ০৬.১০.২০২০ তারিখের জারিকৃত পত্রের শিক্ষার্থীর একাউন্ট খোলার নিয়মাবলী বিষয়ে অনুচ্ছেদ ৩ এ “ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট (বিকাশ, রকেট, নগদ ও শিওর ক্যাশ, ইত্যাদি) খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।” এর পরিবর্তে “পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে ইতিপূর্বে খোলা একাউন্ট উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে, তবে পিতা/মাতা/অভিভাবক যার নামে একাউন্ট খোলা হয়েছিল তাঁর নাম হিসাব ধারীর নাম হিসাবে এন্ট্রি করতে হবে।” পড়তে হবে।

HSP MIS এ উপবৃত্তির জন্য নির্বাচিত ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি ছাড়াও ১২.১০.২০২০ তারিখে জারিকৃত পত্রের অনুচ্ছেদ ৪ এর নির্দেশনা মোতাবেক অব্যাহি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের উপবৃত্তি ও শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হবে।

বর্ণিত বিষয়ে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান যথাযথ ব্যবস্থা করবেন।

সূত্রোক্ত স্মারকের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

(শরীফ মোর্তজা মামুন)

স্কিম পরিচালক

ফোন : ৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

সকল উপজেলা/থানা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/১৪৩/২(৫২৭)

তারিখ: ২১.১০.২০২০ খ্রিঃ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা..... জেলা.....।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, জেলা.....।
- ০৭। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, .....।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সংরক্ষণ নথি।